# পাবলিক চার্টার স্কুল
# = ছাত্র-ছাত্রীদের সাফল্য



**একটি অসাধারণ সরকারী স্কুলের বিষয়ে।**

আরও জানুন এখানে

**CharterNYC.org**

আমাদের সাথে যোগাযোগ করুন Facebook এবং Twitter -এ! @nyccharters

NEW YORK CITY
CHARTER SCHOOL
CENTER


www.nycCharterSchools.org

111 Broadway, Suite 604
New York, NY 10006
212.437.8300


# চার্টার স্কুল সকল শিক্ষার্থীদের জন্য

জানেন কি চার্টার স্কুলগুলি হল বিনামূল্য সরকারী স্কুল, যা সমস্ত নিউ ইয়র্ক সিটি-র ছাত্রছাত্রীদের জন্য খোলা? বর্তমানে, 300 টি এই প্রকার স্কুল পরিসেবা দিয়ে থাকে 140,000 ছাত্র-ছাত্রীদের, যারা আসে বিভিন্ন ব্যাকগ্রাউন্ড থেকে, যাতে অন্তর্ভুক্ত হয় ইংরেজী ভাষার শিক্ষার্থীরা এবং বিশেষ চাহিদাসম্পন্ন ছাত্র-ছাত্রীরা। চার্টার স্কুলগুলি ছাত্র-ছাত্রীদের শিক্ষাগত ব্যাকগ্রাউন্ডের উপর ভিত্তি করে বাছাই করে না। বাবা-মায়েরা একটি আবেদনপত্র পূরণ করেন এবং ছাত্র/ছাত্রীদের একটি এলোপাতাড়ি লটারির মাধ্যমে ভর্তি নেওয়া হয়। চার্টার স্কুলগুলি প্রাক-K থেকে হাইস্কুল পর্যন্ত পরিসেবা দেওয়া হয় এবং তারা NYC-এর পাঁচটি বোরো-তে অবস্থিত আছে।

## চার্টার স্কুলগুলি 5টি বরোতে




আরও জানুন এখানে
**CharterNYC.org**



**"আমার ভীষণ ভাল লাগে যে, আমি আমার 6 বছরের মেয়ের চার্টার স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের নিরন্তর যোগাযোগ রেখে চলতে পারি। আমার সত্যি-সত্যিই আমার বাচ্চার শিক্ষায় নিজেকে একজন প্রকৃত অংশীদার বলে মনে হয়- ওর সাথে জুড়ে থাকার জন্য আমাকে সবসময়েই শ্রেণিকক্ষের কাজকর্ম পর্যবেক্ষণের জন্য ও শিক্ষার্থীদের কার্যকলাপগুলিতে অংশ নেবার জন্য স্বাগত জানানো হয়।"**

*– ভ্যালেরি ব্যাব, হার্লেম লিঙ্ক চার্টার স্কুলের একজন অভিভাবিকা*

# চার্টার স্কুলগুলি শিক্ষার্থীদের তাদের কলেজ ও পেশজীবনের জন্য তৈরি করে দেয়

বিভিন্ন অধ্যয়ন থেকে দেখে গেছে যে, দেশের মধ্যে নিউ ইয়র্ক শহরেই সবচেয়ে ভালভাবে কর্মরত চার্টার স্কুলগুলি রয়েছে। সাম্প্রতিকতম উপলভ্য পরীক্ষালব্ধ ডেটা থেকে দেখা যাচ্ছে যে, চার্টার স্কুলের শিক্ষার্থীরা তাদের জিলা স্তরের সরকারি স্কুলগুলির শিক্ষার্থীদের তুলনায় ধারাবাহিকভাবে উচ্চ হারে রাজ্য স্তরের শিক্ষাপ্রতিষ্ঠানগুলির পরীক্ষায় উত্তীর্ণ হচ্ছে, বিশেষকরে এই সব স্কুলের কৃষ্ণাঙ্গ ও ল্যাটিনো শিক্ষার্থীরা। বিগত 2023-24 শিক্ষাবর্ষে, সারা রাজ্য জুড়েই একাধিক চার্টার স্কুলের শিক্ষার্থীরাই পরীক্ষাগুলিতে সবচেয়ে ভাল ফল করেছে।

# চার্টার স্কুলগুলি উদ্ভাবনীমূলক!

চার্টার স্কুলগুলি NYC শিক্ষাদপ্তর-এর থেকে স্বতন্ত্রভাবে কাজ করে। এটি স্কুলগুলিকে স্কুল পরিচালনা করা, নিজেদের শিক্ষাপদ্ধতি তৈরি করা এবং কর্মী নিয়োগ করার ব্যাপারে অনেক বেশি স্বাধীনতা প্রদান করে। বহু চার্টার স্কুল শুধুমাত্র ইংরেজি ও গণিতের মতো মূলগত বিষয়গুলির (core subjects) উপরেই জোর দেয় না, বরং তারা কলা, বিজ্ঞান ও ভাষা কার্যক্রমের উপরেও সমান গুরুত্ব দিয়ে থাকে। চার্টার স্কুলগুলি সবসময়েই শিক্ষণের ক্ষেত্রে উদ্ভাবনীমূলক পদ্ধতিগুলিকে ব্যবহার করে থাকে, যেমন বেশি সময়ের স্কুলদিবস এবং বেশি দিনের শিক্ষাবর্ষ, যা শিক্ষার্থীদের তাদের কলেজ ও পেশাজীবনে সাফল্যের জন্য প্রস্তুত করে দিতে সাহায্য করে।

# কীভাবে আবেদন করবেন – সময়সীমা পার করে ফেলবেন না!

আবেদনের সময়কাল সাধারণত প্রতি বছর অক্টোবর মাস থেকে শুরু করে 1লা এপ্রিলের মধ্যে হয়, যার মাধ্যমে পরবর্তী শরৎকাল থেকে শুরু হতে যাওয়া শিক্ষাবর্ষের জন্য ভর্তি নেওয়া হয়। বহু চার্টার স্কুল সারা বছর ধরেই শিক্ষার্থীদের ভর্তি আবেদন গ্রহণ করে থাকে এবং ভর্তির জন্য সিট খালি থাকলে সে ব্যাপারে আবেদনকারী পরিবারগুলিকে অবগত করে।

চার্টার স্কুলগুলিতে আবেদনের জন্য 3টি সহজ পদ্ধতি রয়েছে:

1. আপনারা কমন অনলাইন চার্টার স্কুল অ্যাপ্লিকেশন পদ্ধতির মাধ্যমে আপনাদের আবেদনপত্র দাখিল করতে পারেন, যার মধ্যে দিয়ে আপনার একবারে একাধিক চার্টার স্কুলের জন্য আবেদন করতে পারেন। আজই charternyc.org/apply-online/ দেখুন!
2. আপনি যে কোন চার্টার স্কুলের ওয়েবসাইটে গিয়ে অনলাইনেও আবেদন করতে পারেন বা তাদের আবেদনপত্র ডাউনলোড করে নিতে পারেন।
3. আপনি আপনার পছন্দের স্কুল পরিদর্শনে যেতে পারেন এবং নিজে গিয়ে একটা আবেদনপত্র সংগ্রহ করে নিয়ে আসতে পারেন। আপনার পারিপার্শ্বিক অঞ্চলে স্থিত চার্টার স্কুলগুলির সন্ধান পেতে nyccharterschools.org/school-search দেখুন।